

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৭৭৫

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৭৪. কৃতজ্ঞতাস্বরূপ সিজদ্

بَابٌ فِي سُجُودِ الشُّكْرِ

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّتَنَا ابْنُ أَبِي فُدَيْك، حَدَّتَنِي مُوسَى بْنُ يَعْقُوبَ، عَنِ ابْنِ عُثْمَانَ - قَالَ أَبُو دَاوُدَ: وَهُوَ يَحْيَى بْنُ الْحَسَنِ بْنِ عُثْمَانَ - عَنِ الْأَشْعَتْ بْنِ إِسْحَاقَ بْنِ سَعْد، عَنْ أَبِيهِ، قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ مَكَّةَ نُرِيدُ الْمَدينَة، فَلَمَّا كُنَّا قَرِيبًا مِنْ عَزْوَرَا نَزَلَ، ثُمَّ رَفَعَ يَدَيْهِ فَدَعَا اللَّهَ سَاعَةً، ثُمَّ خَرَّ سَاجِدًا فَمَكَثَ طَوِيلًا، شُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ فَدَعَا اللَّهَ سَاعَةً، ثُمَّ خَرَّ سَاجِدًا فَمَكَثَ طَوِيلًا، ثُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ فَدَعَا اللَّهَ سَاعَةً، ثُمَّ خَرَّ سَاجِدًا فَمَكَثَ طَوِيلًا، ثُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ فَدَعَا اللَّهَ سَاعَةً، ثُمَّ خَرَّ سَاجِدًا فَمَكَثَ طَوِيلًا، وَسَاعَةً، ثُمَّ خَرَّ سَاجِدًا لَا يَهِ سَاعَةً، ثُمَّ خَرَّ سَاجِدًا لَيْكِ سَائِكَةً لَوْبَلِهِ سَاعَةً وَلَمْ فَرَفَعَ يَدَيْهِ سَاعَةً، ثُمَّ مَوْسَى بُنُ سَاجِدًا لَا لَكُو سَاجِدًا لِرَبِّي شُكُمًا لِرَبِّي اللَّهُ مَلِي اللَّهُ مَلِي اللَّهُ سَاعَةً وَلَوْدَ الْمَعِيْ الْمُسَى فَشَالُتُ رَبِّي لِأُمَّتِي فَأَعْطَانِي التُّلُثَ الْآخِرَ فَخَرَرْتُ سَاجِدًا لِرَبِّي شُكُمًا لِرَبِّي شُكُمًا لِرَبِّي اللَّهُ مَوْسَى بْنُ سَهْلِ الرَّمْ لِي إِسْعَاقَ أَسْفَطُهُ أَحْمَدُ بْنُ صَالِحِ حِينَ حَدَّتُنَا بِهِ، فَحَدَّثَنِي بِهِ عَنْهُ مُوسَى بْنُ سَهْلِ الرَّمْلِيُ إِسْحَاقَ أَسْفَطُهُ أَحْمَدُ بْنُ صَالِحِ حِينَ حَدَّثَنَا بِهِ، فَحَدَّثَنِي بِهِ عَنْهُ مُوسَى بْنُ سَهْلِ الرَّمْلِيُ

ضعيف

বাংলা

২৭৭৫। 'আমির ইবনু সা'দ (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি (সা'দ) বলেন, 'আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে মক্কাহ্ থেকে মদীনার দিকে রওয়ানা হলাম। অতঃপর 'আমরা 'আযওয়ারা' নামক স্থানের নিকটে পৌঁছলে তিনি বাহন থেকে নেমে আল্লাহর নিকট হাত তুলে কিছুক্ষণ দু'আ করে সিজদায় লুটিয়ে পড়েন। তিনি অনেকক্ষণ সিজদায় থাকলেন।

অতঃপর সিজদা থেকে উঠে পুনরায় মহান আল্লাহর কাছে হাত তুলে কিছুক্ষণ দু'আ করে আবার সিজদায় গেলেন



এবং অনেকক্ষণ সিজদায় থাকলেন। আবার উঠে দু'হাত তুলে দু'আ করলেন এবং সিজদা করলেন। বর্ণনাকারী আহমাদ বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ ওয়াসাল্লাম এরূপ তিনবার করলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি আমার রবের নিকট আবেদন করেছি এবং আমার উম্মাতের জন্য সুপারিশ করেছি।

আমাকে এক-তৃতীয়াংশ উম্মাতের জন্য শাফা'আতের অনুমতি দেয়া হয়েছে। তাই কৃতজ্ঞতা স্বরূপ আমি সিজদাতে লুটিয়ে পড়েছি। আবার মাথা তুলে আমার রবের নিকট উম্মাতের জন্য আবেদন করেছি। তিনি আমাকে আমার উম্মাতের আরো এক-তৃতীয়াংশের জন্য শাফা'আত করার অনুমতি দিলেন। আমি পুনরায় সিজদায় অবনত হয়ে প্রভুকে কৃতজ্ঞতা জানাই। আমি পুনরায় মাথা তুলে আমার মহান রবের নিকট উম্মাতের জন্য দু'আ করি। তিনি আমাকে আরো এক তৃতীয়াংশ উম্মাতের জন্য শাফা'আত করার অনুমতি দেন। আমি আমার প্রভুকে সিজদা্ করে শুকরিয়া জানাই। আবু দাউদ (রহঃ) বলেন, এ হাদীস বর্ণনার সময় আহমাদ ইবনু সালিহ আমাদের কাছে আশ'আস ইবনু ইসহাকের নাম উল্লেখ না করেই মূসা ইবনু সাহল থেকে এ হাদীস বর্ণনা করেন।[1]

English

Narrated Sa'd ibn AbuWaqqas:

We went out with the Messenger of Allah () from Mecca making for Medina. When we were near Azwara', he alighted, then raised his hands, and made supplication to Allah for a time, after which he prostrated himself, remaining a long time in prostration. Then he stood up and raised his hands for a time, after which he prostrated himself, remaining a long time in prostration.

He then stood up and raised his hands for a time, after which he prostrated himself. Ahmad mentioned it three times.

He then said: I begged my Lord and made intercession for my people, and He gave me a third of my people, so I prostrated myself in gratitude to my Lord. Then I raised my head and begged my Lord for my people, and He gave me a third of my people, so I prostrated myself in gratitude to my Lord. Then I raised my head and begged my Lord for my people and He gave me the remaining third, so I prostrated myself in gratitude to my Lord.

Abu Dawud said: When Ahmad b. Salih narrated this tradition to us, he omitted the name of Ash'ath b. Ishaq, but Musa b. Sahl al-Ramli narrated it to us through him.

ফুটনোট



[1]. দুর্বলঃ যঈফ আল-জামি'উস সাগীর (২০৮৯), ইরওয়া (৪৭৪)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আমির ইবন সা'দ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন